



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
<http://food.comilla.gov.bd>



নম্বর ১৩.০১.১৯০০.০০১.৯৯.০০১.২০.২৯৬

তারিখ: ২২ মাঘ ১৪২৮  
০৫ ফেব্রুয়ারি ২০২২

### বিজ্ঞপ্তি

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন “বাজার মনিটরিং করা হোক”

এতদ্বারা কুমিল্লা জেলার খাদ্যশস্য আমদানীকারক, পাইকারী ব্যবসায়ী ও আড়ৎদার, খুচরা ব্যবসায়ীগণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এসআরও নং-১১২ ও এসআরও নং-১১৩ আইন/২০১১ Control of Essential Commodities Act.1956(Act No.I of 1956) এর Section 3 এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী(Food Grain & Food Stuffs) ব্যবসার নতুন লাইসেন্স গ্রহন, নবায়ন ডুপ্লিকেট কপি ইস্যুর নির্দেশ প্রদানসহ উক্ত সকল শ্রেণীর ব্যবসায়ীদের নিয়ন্ত্রণাধীন খাদ্যশস্য/ফুড স্টাফ মজুদের পরিমাণ ও মেয়াদ নির্ধারণ করেছেন। উক্ত এসআরও এর মাধ্যমে লাইসেন্স ব্যতীত কোন ব্যবসায়ী ০১(এক) মে:টন এর অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী তার বা তাদের অধিকারে বা নিয়ন্ত্রণে রাখতে পারবেন না মর্মে নির্দেশসহ নির্ধারিত ফরমে পাক্ষিক মজুদ প্রতিবেদন দাখিলের নির্দেশনা জারী করা হয়েছে। এমতাবস্থায়, বর্ণিত শ্রেণীর পাইকারী ব্যবসায়ী ও আড়ৎদার, খুচরা ব্যবসায়ীকে খাদ্য বিভাগ থেকে লাইসেন্স গ্রহণ করত: নির্ধারিত ফরমে পাক্ষিক প্রতিবেদন দাখিল করতে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

১. এখানে উল্লেখ্য যে, বর্তমানে এ আইনের আওতায় লাইসেন্স ব্যতীত অবৈধভাবে ব্যবসা পরিচালনা করলে সংশ্লিষ্ট অত্যাৱশকীয় পণ্য আইন ১৯৫৬ এর ৬(১) ও (২) ধারা মতে ৩(তিন) বছরের জেল ও জরিমানাসহ মজুদ পণ্য বাজেয়াপ্ত করার বিধান রয়েছে।

২. সুতরাং এ শাস্তি ও ক্ষতি এড়াতে অবিলম্বে ১(এক) মে:টন এর অধিক খাদ্যশস্য/পণ্য ব্যবসায়ীগণকে লাইসেন্স গ্রহণ করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

বিস্তারিত তথ্যের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, কুমিল্লায় যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

৫-২-২০২২

এস.এম. কায়ছার আলী  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
ফোন: ০২৩৩৪৪৩৬৭২৯  
ইমেইল:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল), কুমিল্লা।